গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
কর্মসম্পাদন ও কৌশল শাখা
www.ictd.gov.bd

**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২৩-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ সামসুল আরেফিন<br>সচিব |
| সভার তারিখ | **২৬ নভেম্বর ২০২৩ খ্রি.** |
| সভার সময় | **সকাল ১০:০০ টা** |
| স্থান | সম্মেলনকক্ষ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য এ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশলের বিকল্প ফোকাল পয়েন্ট (উপসচিব, কর্মসম্পাদন ও কৌশল শাখা) কে অনুরোধ করেন। বিকল্প ফোকাল পয়েন্ট ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS)-এর ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২৩-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) অগ্রগতি সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত আলোচ্যসূচি অনুযায়ী সভায় নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**(ক) পূর্ববর্তী সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

| ক্রম. নং | সিদ্ধান্ত | অগ্রগতি | বাস্তবায়নের হার |
|---|---|---|---|
| ১. | ইতোমধ্যে যে সকল প্রকল্প সমাপ্ত হয়েছে সে সকল প্রকল্পের ডকুমেন্ট সংগ্রহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ইতোমধ্যে যে সকল প্রকল্প সমাপ্ত হয়েছে সে সকল প্রকল্পের ডকুমেন্ট সংগ্রহ করা হয়েছে। | ১০০% |
| ২. | পুরোনো মালামাল আগামী ১৫ কার্যদিবসের মধ্যে অপসারণের জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কে দায়িত্ব প্রদান করা যেতে পারে। | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক পুরোনো মালামাল অপসারণ করা হয়েছে। | ১০০% |
| ৩. | ডেঙ্গু প্রতিরোধে মশা নিধনের জন্য কোন স্থানে জমাকৃত পানি অপসারণ ও পরিষ্কার/পরিচ্ছন্ন অভিযান পরিচালনা করতে হবে। | পরিষ্কার/পরিচ্ছন্ন অভিযান পরিচালনা করা হয়েছে। | ১০০% |
| ৪. | জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২৩-২৪ কর্ম-পরিকল্পনার কার্যক্রম ৩.২ ও ৩.৪ যথাযথভাবে বাস্তবায়নের জন্য একটি কমিটি গঠন করতে হবে। | কমিটি গঠন করা হয়েছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। | ১০০% |
| ৫. | জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২৩-২৪ কর্ম-পরিকল্পনার কার্যক্রম ৩.৩ যথাযথভাবে বাস্তবায়নের জন্য একটি কমিটি গঠন করতে হবে। | কমিটি গঠন করা হয়েছে এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। | ১০০% |
| ৬. | ওয়েবসাইটে প্রকাশিত বার্ষিক ক্রয় পরিকল্পনা (রাজস্ব ও উন্নয়ন) সংক্রান্ত প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। | প্রমাণক যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে। | ১০০% |
| ৭. | জাতীয় শুদ্ধাচার কৌশল ২০২৩-২৪ কর্ম-পরিকল্পনার কার্যক্রমের ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে হবে। | সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হয়েছে এবং ১ম কোয়ার্টারের কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করা হয়েছে। | ১০০% |

**(খ) জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনার ২০২৩-২৪ এর ২য় কোয়ার্টারের (অক্টোবর ২০২৩-ডিসেম্বর ২০২৩ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

| ক্রমিক নং | কার্যক্রমের নাম | কর্মসম্পাদন সূচকের নাম | একক | ২য় কোয়ার্টারে লক্ষ্যমাত্রা | ২য় কোয়ার্টারে বাস্তবায়ন অগ্রগতি | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত শাখা/পদ/ব্যক্তি |
|---|---|---|---|---|---|---|
| ১. | ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | সভা আয়োজিত | সংখ্যা | ১টি | গত ২৬ নভেম্বর ২০২৩ খ্রি. তারিখে ০১ সভা অনুষ্ঠিত হয়েছে। | উপসচিব কর্মসম্পাদন ও কৌশল শাখা |
| ২. | ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্ত | % | ১০০% | গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের হার ১০০% | উপসচিব কর্মসম্পাদন ও কৌশল শাখা |
| ৩. | ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন/মতবিনিময় সভা | প্রশিক্ষণপ্রাপ্ত কর্মচারী/ মতবিনিময় সভায় অংশগ্রহণকারী কর্মচারী | সংখ্যা | ৬৭ | কার্যক্রম চলমান রয়েছে। | উপসচিব কর্মসম্পাদন ও কৌশল শাখা |
| ৪. | ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/নথি বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/মহিলাদের জন্য পৃথক ওয়াশ রুমের ব্যবস্থা করা ইত্যাদি) | উন্নত কর্ম-পরিবেশ | তারিখ | ২৮-১২-২০২৩ | কার্যক্রম চলমান। যথাসময়ের মধ্যে বাস্তবায়ন করা হবে। | উপসচিব লজিস্টিক সেবা শাখা-০১ |
| ৫ | ১.৬ আওতাধীন দপ্তরসংস্থা/ (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান | ফিডব্যাক সভা/ কর্মশালা অনুষ্ঠিত | তারিখ | ৩১-১০-২০২৩ | গত ৩১ অক্টোবর ২০২৩ খ্রি. তারিখে ফিডব্যাক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। | উপসচিব কর্মসম্পাদন ও কৌশল শাখা |
| ৬. | ২.২ অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন (রাজস্ব ও উন্নয়ন বাজেট) | ক্রয় পরিকল্পনা বাস্তবায়িত | % | ১৫% | এ পর্যন্ত রাজস্ব- ২৫% উন্নয়ন-৪৬% | উপসচিব লজিস্টিক সেবা শাখা-০২ (রাজস্ব) ও উপসচিব পরিবীক্ষণ ও মূল্যায়ণ শাখা-০১ (উন্নয়ন) |
| ৭. | ২৩. বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ১৫% | এ পর্যন্ত ২১.৫৪% | উপসচিব সমন্বয় শাখা |
| ০৮. | ২.৪ প্রকল্পের PSC ও PIC সভা আয়োজন | সভা আয়োজিত | সংখ্যা | PSC-১৬টি PIC-০২টি | PSC-১৩টি PIC-০২টি | উপসচিব পরিকল্পনা অধিশাখা |
| ০৯. | ৩.৩ নির্ধারিত ২টি প্রকল্পের কাজের মান ও আর্থিক ব্যয় মূল্যায়ন | ৩.৩.১ মূল্যায়নকৃত | সংখ্যা | ১ | বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। | উপসচিব, উন্নয়ন বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা |

**(গ) সভার সিদ্ধান্ত:** সভায় আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন ২০২৩-২৪ অর্থবছরের সমাপ্তযোগ্য প্রকল্পের বিষয়ে আলোচনা করা হয়। আলোচনান্তে সমাপ্তযোগ্য প্রকল্পের তালিকা প্রস্তুত এবং সমাপ্ত প্রকল্পের প্রয়োজনীয় ডকুমেন্ট সংগ্রহ ও সংরক্ষণ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতাধীন ২০২৩-২৪ অর্থবছরের সমাপ্তযোগ্য প্রকল্পের তালিকা প্রস্তুত করতে হবে এবং সমাপ্ত প্রকল্পের প্রয়োজনীয় ডকুমেন্ট সংগ্রহ ও সংরক্ষণ করতে হবে। | **পরিকল্পনা অধিশাখা আইসিটি বিভাগ** |

| | | | |
|---|---|---|---|
| ০২. | আইসিটি বিভাগের অধীনে বাস্তবায়নাধীন অথবা সমাপ্তির জন্য নির্ধারিত যেকোনো দু'টি প্রকল্প নির্বাচন করে কাজের মান ও অংগভিত্তিক ব্যয় মূল্যায়ন করার বিষয়ে আলোচনা করা হয়। উল্লেখ্য যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রকল্প দু'টি মূল্যায়নে বিশেষ গুরুত্ব দিয়ে গ্রে এরিয়া শনাক্ত করে সুনির্দিষ্ট কর্মকৌশল নির্ধারণ ও বাস্তবায়নের মাধ্যমে শুদ্ধাচার নিশ্চিত করার বিষয়ে সভায় মতামত ব্যক্ত করা হয়। | (ক) আইসিটি বিভাগের অধীনে বাস্তবায়নাধীন অথবা সমাপ্তির জন্য নির্ধারিত যেকোনো দু'টি প্রকল্প নির্বাচন করে কাজের মান ও অংগভিত্তিক ব্যয় মূল্যায়ন করতে হবে।<br>(খ) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রকল্প দু'টি মূল্যায়নে বিশেষ গুরুত্ব দিয়ে গ্রে এরিয়া শনাক্ত করে এমন কর্মকৌশল সুপারিশ করতে হবে যা বাস্তবায়নের মাধ্যমে শুদ্ধাচার নিশ্চিত হয়। | **উপসচিব (পরিকল্পনা অধিশাখা) ও উপসচিব (উন্নয়ন অধিশাখা)** |
| ০৩. | সভায় মন্ত্রিপরিষদ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নির্দেশিকা-২০২৩-২৪ অনুযায়ী যথাসময়ের মধ্যে এ বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে প্রমাণকসহ এনআইএস সফট্ওয়্যারে দাখিল, এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন। | যথাসময়ের মধ্যে ২০২৩-২৪ অর্থবছরের ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন প্রস্তুত করে প্রমাণকসহ এনআইএস সফট্ওয়্যারে দাখিল, এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশ ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | **কর্মসম্পাদন ও কৌশল শাখা** |
| ০৪. | সভায় যথাসময়ের মধ্যে আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ এনআইএস সফট্ওয়্যারে দাখিল নিশ্চিত করার জন্য এনআইএস ফোকাল পয়েন্টেকে নির্দেশনা প্রদান করেন। | যথাসময়ের মধ্যে আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের ২য় কোয়ার্টারের অগ্রগতি প্রতিবেদন প্রমাণকসহ এনআইএস সফট্ওয়্যারে দাখিল নিশ্চিত করতে হবে। | **কর্মসম্পাদন ও কৌশল শাখা** |
| ০৫. | সভায় সরকারি হাই-টেক পার্কে বরাদ্দকৃত স্পেসের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী মূল্যায়নে বিশেষ গুরুত্ব দিয়ে গ্রে এরিয়া শনাক্ত করে সুনির্দিষ্ট কর্মকৌশল নির্ধারণ ও বাস্তবায়নের মাধ্যমে শুদ্ধাচার নিশ্চিত করার বিষয়ে সভায় মতামত ব্যক্ত করা হয়। | সরকারি হাই-টেক পার্কে বরাদ্দকৃত স্পেসের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী মূল্যায়নে বিশেষ গুরুত্ব দিয়ে গ্রে এরিয়া শনাক্তপূর্বক কর্মকৌশল বাস্তবায়নের মাধ্যমে শুদ্ধাচার নিশ্চিত করতে হবে। | **সংস্থা-০৩ শাখা** |
| ০৬. | সভায় বেসরকারি হাই-টেক পার্ক পরিচালনা বিধিমালার বিষয়ে আলোচনা করা হয়। আলোচনায় হাই-টেক পার্ক কর্তৃপক্ষের প্রতিনিধি জানান বেসরকারি হাই-টেক পার্ক পরিচালনার জন্য বিধিমালার খসড়া প্রণয়ন করা হয়েছে। আগামী ০৭ কার্যদিবসের মধ্যে উক্ত বিধিমালা চূড়ান্ত করার সুপারিশ করা হয়। উক্ত বিধিমালার আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বেসরকারি হাই-টেক পার্ক পরিচালনা সংশ্লিষ্ট মূল্যায়নটি বিশেষ গুরুত্ব দিয়ে সম্পন্ন করতে হবে মর্মে সভায় আলোচনা হয়। | (ক) বেসরকারি হাই-টেক পার্ক পরিচালনার জন্য আগামী ০৭ কার্যদিবসের মধ্যে একটি বিধিমালা চূড়ান্ত করতে হবে।<br>(খ) উক্ত বিধিমালার আলোকে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বেসরকারি হাই-টেক পার্ক পরিচালনা বিষয়ক মূল্যায়নে গ্রে এরিয়া শনাক্ত করে সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে। | **সংস্থা-০৩ শাখা** |

অত:পর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৩-১২-২০২৩
মোঃ সামসুল আরেফিন
সচিব
secretary@ictd.gov.bd

তারিখ: ১৮ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০৩ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০০.০০০০.০৫০.০৫.০০১.২১.১০৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। দপ্তর/সংস্থা প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
২। অনুবিভাগ প্রধান (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৩। উপসচিব, পরিকল্পনা অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৪। উপসচিব , উন্নয়ন, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৫। উপসচিব , রাজস্ব বাজেট শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৬। উপসচিব, লজিস্টিক সেবা-১ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৭। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব ), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য];
৮। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-৩ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৯। উপসচিব, পরিকল্পনা-২ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং
১০। প্রোগ্রামার (অতিরিক্ত দায়িত্ব ), ডিজিটাল কো-অপারেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ [ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো]।

০৪-১২-২০২৩
মোঃ আব্দুল আলীম তালুকদার
উপসচিব